গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২
(প্রশিক্ষণ শাখা)
www.brta.gov.bd

# বিজ্ঞপ্তি

বিআরটিএ কর্তৃক ১৫০ জন ড্রাইভিং প্রশিক্ষণ মাস্টার ইন্সট্রাক্টর সনদ প্রদানের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তানুযায়ী আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

১)আবেদনকারীকে পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী ও ন্যূনতম ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল/পাওয়ার/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ডিগ্রীধারী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে;

২) বিভিন্ন বাহিনীতে (সামরিক বাহিনী/পুলিশ বাহিনী/বিজিবি/আনসার ও ভিডিপি) কর্মরত বা অবসরপ্রাপ্ত মোটর ট্রান্সপোর্ট (এমটি) প্রশিক্ষকদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। বিভিন্ন বাহিনীর কর্মরত বা অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ যারা ৩ বছর এমটি শাখায় প্রশিক্ষক হিসাবে কাজ করেছেন তারা শিক্ষাগত যোগ্যতার বিপরীতে ১২ পয়েন্ট প্রাপ্য হবেন;

৩) আবেদনকারী বিআরটিএ/বিআরটিসি'র সনদপ্রাপ্ত ইন্সট্রাক্টর লাইসেন্সধারী হলে বিশেষ অগ্রাধিকার পাবেন। বিআরটিএ/বিআরটিসি'র সনদপ্রাপ্ত ইন্সট্রাক্টর লাইসেন্সধারীদের জন্য শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। উক্ত ক্যাটেগরিতে ৩০ জনের জন্য একটি পৃথক ব্যাচ করা হবে। তাদের আবেদনপত্রের উপরের ডান পার্শ্বে "বিআরটিএ'র সনদপ্রাপ্ত ইন্সট্রাক্টর" কথাটি লিখতে হবে;

৪) নির্বাচিত প্রার্থীদের ৬০ ঘন্টা প্রশিক্ষণ কোর্সে অংশ নিতে হবে। প্রশিক্ষণ শেষে নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া স্বাপেক্ষে তাঁদেরকে ড্রাইভিং প্রশিক্ষণ মাস্টার ইন্সট্রাক্টর সনদ প্রদান করা হবে;

৫) প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রশিক্ষণার্থীদের উত্তীর্ণ হওয়া সাপেক্ষে নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে;

৬) নিম্নবর্ণিত নম্বরবন্টন অনুযায়ী মূল্যায়ণ পূর্বক ১৫০ জন আবেদনকারীকে সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হবে;

| ক্রমিক নং | মানদন্ড | নম্বর |
|---|---|---|
| ১ | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং<br>(অটোমোবাইল/পাওয়ার/মেকানিক্যাল/ইলিকট্রিক্যাল) | ১২ নম্বর |
| ২ | বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং | অতিরিক্ত ০৩ নম্বর |
| ৩ | দেশি/বিদেশি ইন্সট্রাক্টর লাইসেন্সধারী প্রার্থী | অতিরিক্ত ০৩ নম্বর |
| ৪ | বয়স | ৪০ বছর পর্যন্ত -০৩ নম্বর<br>৪০ বছরের উর্ধ্বে – ০২ নম্বর<br>(সর্বোচ্চ বয়সসীমা: ৫০ বছর) |

৭) আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ রবিবার, দুপুর ১২.০০ ঘটিকা এর মধ্যে, চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বিআরটিএ ভবন, বনানী, ঢাকা বরাবর, নির্ধারিত নমুনা ছক মোতাবেক আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে (বিআরটিএ ওয়েবসাইট: www.brta.gov.bd থেকে নমুনা ছক ডাউনলোড করা যাবে)। আবেদনপত্রের সাথে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা সনদপত্র, প্রশিক্ষক হিসাবে অভিজ্ঞতা সনদ ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

৮) সংক্ষিপ্ত তালিকাভুক্ত আবেদনকারীগণকে ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ রবিবার তারিখে বিআরটিএ সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৯) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে বিআরটিএ কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

১০) কর্তৃপক্ষ যেকোনো আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২৭/০১/২৬
মোছাম্মাৎ মমতাজ বেগম
পরিচালক (প্রশিক্ষণ)

## নমুনা ছক

৫×৫ সে.মি. ছবি (সম্প্রতি তোলা, তিন কপি)

বরাবর
চেয়ারম্যান
বিআরটিএ
বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: মাস্টার ইন্সট্রাক্টর | | |
| ২. | প্রার্থীর নাম: | বাংলায়ঃ | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |
| ৩. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | |
| ৪. | জন্ম তারিখ: দি ন মা স ব ৎ স র | ৫. জন্ম স্থান (জেলা): | |
| ৬. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস / দিন |
| ৭. | মাতার নাম: | | |
| ৮. | পিতার নাম: | | |
| ৯. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১০. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১১. | জাতীয়তা: | ১২. | লিঙ্গ: |
| ১৩. | ধর্ম: | ১৪. | পেশা: |

১৫. শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| ১৬. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): |
| ১৭. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): |
| ১৮. | ড্রাইভিং লাইসেন্সের বিবরণ: |
| ১৯. | ইন্সট্রাক্টর লাইসেন্সের বিবরণ (যদি থাকে): |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ন সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর